# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৫৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৭৮: প্রজাদের সাথে শাসকদের কোমল ব্যবহার করা, তাদের মঙ্গল কামনা করা, তাদের প্রতি স্নেহপরবশ হওয়ার আদেশ এবং প্রজাদেরকে ধোঁকা দেওয়া, তাদের প্রতি কঠোর হওয়া, তাদের সবার্থ উপেক্ষা করা, তাদের ও তাদের প্রয়োজন সম্বন্ধে উদাসীন হওয়া নিষিদ্ধ

بَابُ أَمْرِ وُلَاةِ الْأَمْرِ بِالرِّفْقِ بِرِعَايَاهُمْ وَنَصِيْحَتِهِمْ وَالشَّفْقَةِ عَلَيْهِمْ وَالنَّهْيِ عَنْ غَشِّهِمْ وَالتَّشْدِيْدِ عَلَيْهِمْ وَإِهْمَالِ مَصَالِحِهِمْ وَالْغَفْلَةِ عَنْهُمْ وَعَنْ حَوَائِجِهِمْ - (78)

আরবী

وَعَن أَبي يَعلَى مَعْقِل بنِ يَسارٍ رضي الله عنه، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: «مَا مِنْ عَبْدٍ يَستَرْعِيهِ اللهُ رَعِيَّةً، يَمُوتُ يَوْمَ يَمُوتُ وَهُوَ غَاشٌّ لِرَعِيَّتِهِ، إلاَّ حَرَّمَ اللهُ عَلَيْهِ الجَنَّة ». متفقٌ عليه
وَفي رِوَايَةٍ: فَلَمْ يَحُطْهَا بِنُصْحِهِ لَمْ يَجِدْ رَائِحَةَ الجَنَّة
وَفي رِوَايَةٍ لِمُسلِمٍ: مَا مِنْ أميرٍ يَلِي أُمُورَ المُسْلِمينَ، ثُمَّ لاَ يَجْهَدُ لَهُمْ وَيَنْصَحُ لَهُمْ، إلاَّ لَمْ يَدْخُلْ مَعَهُمُ الْجَنَّةَ

বাংলা

২/৬৫৯। আবূ য়্যা’লা মা’ক্বিল ইবনে য়্যাসার রাদিয়াল্লাহু ’আনহু বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, ’’কোনো বান্দাকে আল্লাহ কোন প্রজার উপর শাসক বানালে, যেদিন সে মরবে সেদিন যদি সে প্রজার প্রতি ধোঁকাবাজি করে মরে, তাহলে আল্লাহ তার প্রতি জান্নাত হারাম করে দেবেন।’’ (বুখারী ও মুসলিম) [1]

অন্য এক বর্ণনায় আছে, ’’অতঃপর সে (শাসক) তার হিতাকাঙ্ক্ষিতার সাথে তাদের অধিকারসমূহ রক্ষা করল না, সে জান্নাতের সুগন্ধটুকুও পাবে না।’’

মুসলিমের অন্য এক বর্ণনায় আছে, ’’যে কোনো আমীর মুসলিমদের দেখাশুনার দায়িত্ব নিল, অতঃপর সে তাদের (সমস্যা দূর করার) চেষ্টা করল না এবং তাদের হিতাকাঙ্ক্ষী হল না, সে তাদের সঙ্গে জান্নাতে প্রবেশ করবে না।’’

## English

(78) Chapter: Obligation of Rulers to show Kindness to their Subjects

Abu Ya'la Ma'qil bin Yasar (May Allah be pleased with him) reported: Messenger of Allah (ﷺ) said, "Any slave whom Allah makes him in charge of subjects and he dies while he is not sincere to them, Allah will make Jannah unlawful for him."

[Al-Bukhari and Muslim].

Another narration is: Allah's Messenger (ﷺ) said, "He who does not look after his subjects with goodwill and sincerity, will be deprived of the fragrance of Jannah."

A narration in Muslim is: Messenger of Allah (ﷺ) said, "A ruler who, having control over the affairs of the Muslims, does not strive diligently for their betterment and does not serve them sincerely, will not enter Jannah with them."

Commentary: Here the attention of rulers has been invited to their obligations. They are told that their designation is very important because they are responsible for tackling the problems and affairs of millions of people. If their single-minded devotion, determined efforts and heartfelt feelings of well-wishing will not go to solving these problems, they will be deemed guilty by Allah. Rulers are, therefore, warned, lest power should go to their head and make them unheedful of people's problems, rights and concerns. Instead being fully conscious of their accountability to Allah (SWT) they are apt to make full efforts to provide justice and peace to people. By "forbid from entering Jannah'' means they will not enter it with the first successful people until they get punished for their wrongdoings. If however, they were treacherous to their subjects while regarding this injustice lawful, thus disobeying Allah and His Commands, they will stay in Hell forever because this way they have made permissible and lawful what Allah has forbidden.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭১৫০, ৭১৫১, মুসলিম ১৪২, আহমাদ ১৯৭৭৮, ১৯৮০৪, দারেমী ২৭৯৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ মা‘ক্বিল ইবনু ইয়াসার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23624

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন